# জে এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলাদেশ ও বিশ্বপরিচয় — বিষয় কোড: ১৫০

সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. দুটি ছক দেখে প্রশ্নগুলোর উত্তর দাও।**

| ছক-১ | | ছক-২ | |
|---|---|---|---|
| সাল | ব্যক্তি | সাল | ঘটনা |
| ১৭৫৬ | আলীবর্দী খাঁ | ১৮৫৭ | সিপাহী বিদ্রোহ |
| ১৭৫৭ | সিরাজউদ্দৌলা | ১৯০৫ | বঙ্গভঙ্গ |
| | | ১৯৪৭ | ভারতবর্ষের স্বাধীনতা |

ক. কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠা করেন কে? ১

খ. পাশ্চাত্য শিক্ষা ব্যবস্থার প্রবর্তন বাংলায় নবজাগরণ সৃষ্টি করেছিল? ব্যাখ্যা কর। ২

গ. ছক-১ এ উল্লিখিত বিষয়টি বাংলার ইতিহাসে কোন ঘটনাকে প্রতিফলিত করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ছক-২ এ উল্লিখিত আন্দোলনের ফলেই ঔপনিবেশিক শাসনের অবসান ঘটে- বিশ্লেষণ কর। ৪

**২.** করিমের বাড়ি খুলনা। তার দুই বিঘা জমি আছে। এই দুই বিঘা জমিতে সে চিংড়ি চাষ করে। এ চিংড়ি সে কিছু দেশে বিক্রি করে আর বেশি সে রপ্তানি করে। এতে তার লাভ হয়। শাহিন ঢাকায় থাকে। তার একটি পোশাক তৈরির কারখানা আছে। তার পোশাক দেশের চাহিদা মিটিয়ে বিদেশে রপ্তানি করে।

ক. PCI এর পূর্ণরূপ কী? ১

খ. মাথাপিছু আয়ের ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. করিমের কাজ জাতীয় আয়ের কোন উৎসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. দেশের মোট জাতীয় উৎপাদনে করিম ও শাহিনের কাজের অবদান মূল্যায়ন কর। ৪

**৩.** বার্ষিক পরীক্ষার পর ছুটিতে মামার সাথে আফরিদা প্রথমে ঢাকার একটা নদীর তীরে অবস্থিত সংগ্রহশালাটি দেখতে যায়; পরে ঢাকার বাইরে ইউরোপীয় ও মোঘলীয় স্থাপত্য রীতিতে তৈরি একটি এলাকা পরিদর্শনে যায়। আফরিদার মামা বললেন, "এসব অতীত সম্পদ রক্ষার মাধ্যমে আমরা আমাদের অতীত ঐতিহ্য ধরে রাখতে পারব।"

ক. আর্মেনিয়ান চার্চ নির্মিত হয় কত সালে? ১

খ. আন্টাঘর ময়দান ইতিহাসে বিখ্যাত কেন? ব্যাখ্যা কর। ২

গ. আফরিদা তার মামার সাথে কোন সংগ্রহশালা ও এলাকা দেখতে গিয়েছিল? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রত্নতাত্ত্বিক সম্পদ রক্ষার মাধ্যমে আমাদের অতীত ঐতিহ্য সংরক্ষণ করা সম্ভব-বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com


৪. 


ক. ব্যক্তির সুষ্ঠু বিকাশের জন্য কীসের প্রয়োজন? ১

খ. 'সংবাদপত্র জনশিক্ষার একটি প্রধান মাধ্যম'— ব্যাখ্যা কর। ২

গ. "আজকের দিনে সবচেয়ে জনপ্রিয় গণমাধ্যমটির প্রভাব ইতিবাচক এবং নেতিবাচক দুই-ই হতে পারে"— ব্যাখ্যা কর। ৩

ঘ. সামাজিকীকরণের ক্ষেত্রে কোন উপাদানটি সবচেয়ে গুরুত্বপূর্ণ তা বিশ্লেষণ কর। ৪

৫. 


ছক : সরকারের ধরন

ক. বাংলাদেশের সংবিধান ২০১১ সাল পর্যন্ত কতবার সংশোধন হয়েছে? ১

খ. ধর্মনিরপেক্ষতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. 'ক' দেশে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান? আলোচনা কর। ৩

ঘ. "খ দেশ যেন বাংলাদেশের সরকার ব্যবস্থারই প্রতিরূপ"— বিশ্লেষণ কর। ৪

৬. ২০১৩ সালের মে মাসের ১৭ তারিখে ঘূর্ণিঝড় মহাসেন বাংলাদেশের দক্ষিণাঞ্চলের পটুয়াখালীর খেপুপাড়া ও কক্সবাজারের টেকনাফে আঘাত হানে। উপকূলের শত শত লোক সহায়-সম্বল নিয়ে আশ্রয়কেন্দ্রের দিকে যায়। উপকূলীয় জেলাসমূহের জনজীবন অচল হয়ে পড়ে।

ক. বাংলাদেশের কোন অঞ্চল খরাপ্রবণ? ১

খ. বৈশ্বিক উষ্ণায়নের প্রধান কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. উক্ত দুর্যোগে দেশের কোন কোন অঞ্চল ক্ষতিগ্রস্ত হয় এবং এর ক্ষয়ক্ষতির পরিমাণ কমানোর উপায় বর্ণনা কর। ৩

ঘ. উক্ত দুর্যোগ পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় করণীয় কাজগুলো পর্যালোচনা কর। ৪

http://teachingbd.com

৭. দীপু সাইকেল চালিয়ে ২০ মিনিটে হাতিরঝিল দিয়ে মগবাজার থেকে গুলশানের স্কুলে পৌঁছে। হাতিরঝিল প্রকল্প হওয়ার ফলে এখন তার স্কুলে যেতে আগের তুলনায় অনেক কম সময় লাগছে। অন্যদিকে প্রকল্প বাস্তবায়নে জীববৈচিত্র্যের যে ক্ষতি হচ্ছে তা নিয়েও সে ভাবছে।

ক. বাংলাদেশে প্রথম কাগজ কল কোথায় প্রতিষ্ঠিত হয়? ১

খ. মৎস্য সম্পদের সাথে জীবিকা অর্জনের সম্পর্ক বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্প জীববৈচিত্র্যে কীভাবে নেতিবাচক প্রভাব ফেলে-বর্ণনা কর। ৩

ঘ. ঢাকা শহরের জীববৈচিত্র্য রক্ষায় করণীয় পদক্ষেপগুলো কী কী? আলোচনা কর। ৪

৮. বাংলাদেশ জনবহুল দেশ। এখানে বর্ধিত জনসংখ্যার চাহিদা পূরণ করা এক অস্বাভাবিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। ফলে বেড়ে যাচ্ছে বিভিন্ন ধরনের সামাজিক সমস্যা। যার ফলে সমাজ দিন দিন অস্থিরতা এবং অবক্ষয়ের দিকে ধাবিত হচ্ছে।

ক. বাংলাদেশে কিশোর অপরাধীর বয়সসীমা কত? ১

খ. কোন ধরনের কাজ কিশোর অপরাধের মধ্যে পড়ে? ২

গ. উদ্দীপকে কোন সামাজিক সমস্যার কথা বলা হয়েছে যার জন্য সমাজে মূল্যবোধের অবক্ষয় হচ্ছে?— ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সামাজিক সমস্যা সমাধানকল্পে কী কী বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন- তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৯. টেলিফোন বিলের ওপর 'ছেলে হোক মেয়ে হোক দুটি সন্তানই যথেষ্ট'— স্লোগানটি কেন লেখা হয়েছে?— আদনানের এ প্রশ্নের উত্তরে বাবা তাকে বলেন, "বাংলাদেশ অধিক জনবহুল দেশ। জনগণকে জনসংখ্যা সমস্যা সম্বন্ধে সচেতন করার এক বিরাট দায়িত্ব সরকারের।"

ক. বাংলাদেশ সরকার কত সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ? ১

খ. জনসংখ্যা নীতি কাকে বলে? ২

গ. জনসংখ্যা নিয়ন্ত্রণের কার্যক্রম হিসেবে সরকার কী ধরনের উদ্যোগ গ্রহণ করেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত কার্যক্রমের মাধ্যমে জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করা সম্ভব? মতামত দাও। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: | ১ | ৫ | ০ |

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১।]

১. সিপাহি বিদ্রোহ কত সালে হয়েছিল?
ক ১৭৫৭ খ ১৭৮১
গ ১৮৫৭ ঘ ১৯৫৭

২. এক সময় ইউরোপের বণিকরা বহির্বিশ্বে বেরিয়ে পড়ে, কারণ—
i. বাণিজ্য সন্ধানে
ii. তারা প্রভাবশালী নৌশক্তির অধিকারী ছিল
iii. তারা প্রচুর অর্থ সম্পদের মালিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩. ভারত শাসন আইন জারির ফলে—
i. ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে
ii. উপনিবেশিক শাসনের অবসান ঘটে
iii. ভারতের রাষ্ট্র ক্ষমতা ব্রিটিশ রাজের হাতে ন্যস্ত হয়
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ iii ঘ i ও iii

৪. করিম পাঠ্যবই থেকে জানতে পারল যে পাশ্চাত্য শিক্ষাব্যবস্থা প্রবর্তনের ফলে এ দেশের শিক্ষা সংস্কৃতিতে নবজাগরণ দেখা দিয়েছিল। এ নবজাগরণে ভূমিকা রেখেছিল—
i. শেরে বাংলা এ কে ফজলুল হক
ii. রাজা রামমোহন রায়
iii. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৫. বাংলাদেশের রাজধানীর বাইরে জমিদার নির্মিত প্রাসাদ হলো—
i. দিঘাপতিয়ার জমিদার প্রাসাদ
ii. আহসান মঞ্জিল iii. শশীলজ
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ঘ i ও iii

৬. সেন্ট টমাস এ্যাংলিকান চার্চ কখন প্রতিষ্ঠা করা হয়?
ক ষোলো শতকে খ সতেরো শতকে
গ আঠারো শতকে ঘ উনিশ শতকে

৭. অফিস বাড়ি হিসেবে ঢাকায় যেসব ভবন তৈরি হয়েছিল তার মধ্যে সবচেয়ে সুন্দর নিচের কোনটি?
ক আহসান মঞ্জিল খ রূপলাল হাউস
গ রোজ গার্ডেন ঘ কার্জন হল

৮. বালিয়াটি জমিদার বাড়ি কোথায় অবস্থিত?
ক ময়নামতিতে খ মহাস্থানগড়ে
গ ঢাকার লালবাগে ঘ মানিকগঞ্জের সাটুরিয়ায়

৯. বাংলাদেশের অর্থনীতির মূল ভিত্তি হলো—
i. শিল্প ii. কৃষি iii. বাণিজ্য
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও iii ঘ i, ii ও iii

১০. যারা শ্রম বা মেধা দিয়ে দেশের কৃষি, শিল্প সেবাসহ যেকোনো খাতে অবদান রাখে তাদের বলে—
ক দক্ষ মানুষ খ মানবসম্পদ
গ জনশক্তি ঘ উন্নত মানব

১১. একটি দেশ উন্নত বা অনুন্নত তা বিচারের মানদণ্ড হলো দেশটির—
i. মোট দেশজ উৎপাদন
ii. মোট জাতীয় উৎপাদন
iii. জনগণের মাথাপিছু আয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii


১২. ক্লাইভ কত সালে বাংলা, বিহার, উড়িষ্যার দিওয়ানী লাভ করেন?
ক ১৭৫৭ খ ১৭৬২ গ ১৭৬৪ ঘ ১৭৬৫

১৩. কে প্রথম ব্রিটিশ শাসন আমলে ভাইসরয় নিযুক্ত হন?
ক লর্ড কর্নওয়ালিস খ লর্ড ডালহৌসি
গ লর্ড ক্যানিং ঘ লর্ড হার্ডিঞ্জ

১৪. সুনামি শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক জাপানি খ ইংরেজি
গ ল্যাটিন ঘ গ্রিক

১৫. ভূমি ধসের কারণ হলো—
i. বন নিধন ii. ভূমিকম্প
iii. বৃষ্টিপাত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের মানচিত্রটি দেখে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:




১৬. সিডর ও আইলা বাংলাদেশের কোন অঞ্চলে সংঘটিত হয়?
ক A অঞ্চলে খ B অঞ্চলে
গ C অঞ্চলে ঘ D অঞ্চলে

১৭. 'A' অঞ্চলে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগ হলো—
i. বন্যা ii. খরা
iii. জলোচ্ছ্বাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৮. কত নং বিপদ সংকেত শুনলে আশ্রয় কেন্দ্রে যেতে হবে?
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬

১৯. বর্তমানে বাংলাদেশে কোন শিল্প সম্ভাবনাময় শিল্প হিসেবে বিবেচিত হচ্ছে?
ক ঔষধ শিল্প খ পোশাক শিল্প
গ সিমেন্ট শিল্প ঘ চামড়া শিল্প

teachingbd.com

২০. বাংলাদেশ পোশাক রপ্তানি করে—
i. ভুটানে
ii. ইউরোপের দেশসমূহে
iii. মার্কিন যুক্তরাষ্ট্রে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**
অষ্টম শ্রেণির ছাত্র সানজিদ তার বন্ধুদের সাথে চন্দ্রঘোনায় বেড়াতে গিয়ে বাংলাদেশের একটি উল্লেখযোগ্য শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করে।

২১. সানজিদের দেখা শিল্পটি কত সালে প্রতিষ্ঠিত হয়?
ⓚ ১৯৫১ সালে ⓚ ১৯৫৩ সালে
ⓖ ১৯৬১ সালে ⓖ ১৯৭৪ সালে

২২. উক্ত শিল্পটির প্রধান কাঁচামাল হলো—
i. স্থানীয় বাঁশ
ii. স্থানীয় বেত
iii. স্থানীয় আখের ছোবড়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. বাংলাদেশে অতি পুরাতন শিল্প কোনটি?
ⓚ পাট শিল্প ⓚ চা শিল্প
ⓖ কাগজ শিল্প ⓖ ঔষধ শিল্প

২৪. ক্ষমতা বণ্টনের নীতির ওপর ভিত্তি করে গণতান্ত্রিক সরকারকে কয় ভাগে ভাগ করা হয়েছে?
ⓚ তিন ভাগে ⓚ দুই ভাগে
ⓖ চার ভাগে ⓖ পাঁচ ভাগে

২৫. বাংলাদেশের সংবিধানের পরিবর্তন বা সংশোধনের দায়িত্ব পালন করে—
ⓚ প্রধানমন্ত্রী ⓚ রাষ্ট্রপতি
ⓖ নির্বাচন কমিশন ⓖ জাতীয় সংসদ

২৬. পৌরসভার সদস্য সংখ্যা নির্ভর করে—
i. আয়তনের ওপর
ii. জনসংখ্যার ওপর
iii. শিক্ষিত জনগোষ্ঠীর ওপর
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৭. বাংলাদেশের আইন বিভাগ কোন দায়িত্বটি পালন করে?
ⓚ আইন প্রণয়ন ও সংস্কার
ⓚ শাস্তিবিধান ও ন্যায়বিচার
ⓖ ব্যবসা-বাণিজ্য নিয়ন্ত্রণ
ⓖ শান্তিশৃঙ্খলা রক্ষা

২৮. কোন তারিখে বাংলাদেশে জাতীয় জনসংখ্যা দিবস পালন করা হয়?
ⓚ ২ জানুয়ারি ⓚ ২ ফেব্রুয়ারি
ⓖ ২ মার্চ ⓖ ২ এপ্রিল

২৯. কোনটি জনসংখ্যা বৃদ্ধির প্রতিক্রিয়া নয়?
ⓚ মূল্যবোধের অবক্ষয় ⓚ বেকার সমস্যা
ⓖ বিনিয়োগ বৃদ্ধি পাওয়া ⓖ আইন শৃঙ্খলার অবনতি

৩০. কোনো দেশের জনসংখ্যা নীতি বলতে কী বোঝায়?
ⓚ জনসংখ্যা বিষয়ে জাতীয় পর্যায়ের পরিকল্পনা
ⓚ দেশের আর্থসামাজিক অবস্থা নিয়ে পরিকল্পনা
ⓖ দেশের ধর্মীয় অবস্থার উন্নয়ন পরিকল্পনা
ⓖ দেশের নারী শক্তি উন্নয়ন পরিকল্পনা

৩১. বাংলাদেশ সরকার কত সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ?
ⓚ ২০১২ ⓚ ২০১৩
ⓖ ২০১৪ ⓖ ২০১৫

৩২. বাংলাদেশ সরকার যুব শক্তিকে সম্পদে পরিণত করার জন্য পরিকল্পনা গ্রহণ করেছে—
i. নারী শিক্ষা প্রসারের
ii. তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে অগ্রাধিকার প্রদান করার
iii. প্রযুক্তি ও কারিগরি শিক্ষার প্রসারের
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও:**
সুমন লেখাপড়ার পাশাপাশি বন্ধুদের সাথে খেলতে পছন্দ করে। সহপাঠী জামানের কাছ থেকে সে কম্পিউটার শেখে এবং স্কুলের যেকোনো অনুষ্ঠানে নেতৃত্বও দেয়।

৩৩. উদ্দীপকে সুমনের সামাজিকীকরণে কোনটি ভূমিকা রাখে?
ⓚ পিতামাতা ⓚ শ্রেণিশিক্ষক
ⓖ সমবয়সী সঙ্গী ⓖ সাংস্কৃতিক সংঘ

৩৪. সুমনের অর্জিত গুণ হলো—
i. সহমর্মিতা
ii. নেতৃত্ব
iii. সৃষ্টিশীল কর্ম
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৩৫. উন্নয়নশীল দেশে জনশিক্ষার একটি প্রধান মাধ্যম কী?
ⓚ বেতার ⓚ সংবাদপত্র
ⓖ শিক্ষাপ্রতিষ্ঠান ⓖ টেলিভিশন

৩৬. সামাজিকীকরণে ইন্টারনেটের প্রভাব—
i. অল্প সময়ে ভাব বিনিময় করা
ii. ব্যবসা সংক্রান্ত কাজ দ্রুত হওয়া
iii. মানুষের সাথে যোগাযোগ সহজ হওয়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ i ও ii ⓖ i, ii ও iii

৩৭. বাংলাদেশে কিশোর-অপরাধের অন্যতম প্রধান কারণ কোনটি?
ⓚ অসৎ সঙ্গ ⓚ দারিদ্র্য
ⓖ চিত্তবিনোদনের অভাব ⓖ শিক্ষার অভাব

৩৮. ধর্মীয় ও নৈতিক মূল্যবোধ শেখানোর জন্য কাদের সচেষ্ট হতে হবে?
ⓚ অভিভাবকদের ⓚ প্রতিবেশীদের
ⓖ খেলার সাথিদের ⓖ শিক্ষকদের

৩৯. মাদক প্রতিরোধে তরুণদের কোন প্রতিজ্ঞায় উদ্বুদ্ধ করতে হবে?
ⓚ মাদককে না বলুন ⓚ ধূমপানকে না বলুন
ⓖ মাদককে রোধ করুন ⓖ ধূমপানকে রোধ করুন

৪০. মাদকমুক্ত সমাজ গঠনে দরকার—
i. গণসচেতনতা
ii. কর্মের আইন
iii. নেশাজাতীয় দ্রব্যের উৎপাদন বন্ধ করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ |
| ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | গ |

http://teachingbd.com